

৩০-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম আজাদ
তারিখ : ৩০ নভেম্বর, ২০২১
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে শুধাচারের নৈতিকতা কমিটির সদস্য জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভাটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অর্থবছর এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভা। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরে ৪টি কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভাপতি বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে সভার আয়োজন করতে হবে এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে

জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক বলেন, ২৩-৯-২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী,

- নৈতিকতা কমিটি পুনঃগঠন করা হয়েছে
- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে আয়োজন করা হয়েছে।
- ফায়ার ফাইটিং মহড়ার আয়োজন করা যেতে পারে।
- লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- লক্ষ্যমাত্রা অনুযায়ী আওতাধীন আঞ্চলিক কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন ওপর ফিডব্যাক প্রদান সভার আয়োজন করা হয়েছে।

তিনি আরও বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুসারে ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী,

- নৈতিকতা কমিটির ১ সভা আয়োজন করতে হবে এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।
- ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েব সাইটে আপলোড করতে হবে।
- ফায়ার ফাইটিং মহড়ার আয়োজন করতে হবে।
- সিটিজেন চার্টার অনুযায়ী ফাইল নিষ্পত্তিকরণ মনিটরিং করতে হবে।
- লাইসেন্স বিহীন অবৈধ কার্যক্রম বন্ধে নিয়মিত তদারকি ও পরিদর্শন করতে হবে।
- গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পয়বেক্ষণ করতে হবে।
- অভিযোগ প্রতিকারের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক আরো বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নে ১টি উদ্যোগ হিসেবে নথি বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

সভাপতি মহোদয় বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুসারে যাবতীয় কার্যক্রম বাস্তবায়নে নৈতিকতা কমিটির সকল সদস্যকে সচেষ্ট থাকতে হবে।

সিদ্ধান্ত:

- ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েব সাইটে আপলোড করতে হবে।
- ফায়ার ফাইটিং মহড়ার আয়োজন করতে হবে।
- লাইসেন্স বিহীন অবৈধ কার্যক্রম বন্ধে নিয়মিত তদারকি ও পরিদর্শন করতে হবে।
- অভিযোগ প্রতিকারের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ২২২২২৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd